

# 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৩৩০

### ২৭/ আদব

পরিচ্ছেদঃ জামা-পায়জামা, জামার হাতা, লুঙ্গি তথা পাগড়ীর প্রান্ত কতটুকু লম্বা হবে? অহংকারবশতঃ ওগুলি ঝুলিয়ে পরা হারাম ও নিরহংকারে তা ঝুলানো অপছন্দনীয়

## আরবী

وَعَن أَبِي جُرَيِّ جَابِرِ بِنِ سُلَيْمٍ قَالَ : رَأَيْتُ رَجُلاً يَصِدُرُ النَّاسُ عَنْ رَأَيْهِ لا يُقُولُ شَيْئاً إِلاَّ صَدَرُوا عَنْهُ قُلْتُ : مَنْ هَذَا ؟ قَالُوا : رَسُولُ اللهِ عَلَيْكَ السَّلامُ عَلَيْكَ السَّلامُ عَلَيْكَ السَّلامُ عَلَيْكَ السَّلامُ عَلَيْكَ قَالَ : السَّلامُ عَلَيْكَ قَالَ : قُلْتُ : أَنْتَ رَسُولُ اللهِ ؟ قَالَ أَنَا رَسُولُ اللهِ الَّذِي إِذَا أَصَابَكَ ضُرُّ فَدَعَوْتَهُ كَشَفَهُ عَنْكَ، وَإِذَا أَصَابَكَ عَامُ سَنَةٍ فَدَعَوْتَهُ أَنْبَتَهَا لَكَ وَإِذَا كُنْتَ بِأَرْضٍ قَفْرٍ أَوْ فَلاَةٍ فَضَلَّت رَاحِلَتُكَ فَدَعَوْتَهُ رَدَّهَا عَلَيْكَ قَالَ : قُلْتُ : اِعْهَدْ إِلَيَّ قَالَ لاَ تَسُبَّنَ أَحَداً قَالَ : قَمَا سَبَبْتُ رَاحِلَتُكَ فَدَعَوْتَهُ رَدَّهَا عَلَيْكَ قَالَ : قُلْتُ : اِعْهَدْ إِلَيَّ قَالَ لاَ تَسُبَّنَ أَحَداً قَالَ : قَمَا سَبَبْتُ رَاحِلَتُكَ فَدَعَوْتَهُ رَدَّهَا عَلَيْكَ قَالَ : قُلْتُ : اِعْهَدْ إِلَيَّ قَالَ لاَ تَسُبَّنَ أَحْداً قَالَ : قُمَا سَبَبْتُ بَعْدَهُ حُرًا وَلاَ عَبْداً وَلاَ بَعِيراً وَلاَ شَاةً وَلاَ تَحْقِرَنَّ مِنَ المَعْرُوفِ شَيْئاً وَأَنْ تُكَلِّمَ أَخَاكَ وَإِسْبَالَ الإِزَارِ فَإِنَّها مِنَ المَحْيلَةِ وَإِنَّ اللهَ لاَ يُحِبُّ المَخِيلَةَ وَإِنَّ اللهَ لاَ يُحْرَدُ اللهَ وَإِنَّ اللهَ لاَ يُحِبُّ المَخِيلَةَ ؛ وَإِنَ امْرُقُ شَتَمَكَ وَعِيرَكَ بِمَا يَعْلَمُ فِيكَ فَلاَ تُعَلِّمُ فِيهِ فَإِنَّمَا وَبَالُ ذَلِكَ عَلَيْهُ رواه وَإِن امْرُقُ شَتَمَكَ وَعَيَّرَكَ بِمَا يَعْلَمُ فِيكَ فَلاَ الترمذي حديث حسن صحيح

#### বাংলা

(৩৩৩০) আবৃ জুরাই জাবের ইবনে সুলাইম হতে বর্ণিত, তিনি বলেন, আমি এমন এক ব্যক্তিকে দেখলাম, যাঁর মতানুযায়ী লোকে কাজ করছে, তাঁর কথা তারা মেনে নিচ্ছে। আমি জিজ্ঞাসা করলাম, 'এ লোকটি কে?' লোকেরা বলল, 'ইনি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম।' আমি তাঁকে 'আলাইকাস সালাম ইয়া রাসূলাল্লাহ' দু'বার বললাম। তিনি বললেন, ''আলাইকাস সালাম' বলো না। 'আলাইকাস সালাম' তো মৃতদের জন্য অভিবাদন বাণী। তুমি বলো 'আসসালামু আলাইকা।''

জাবের বলেন, আমি বললাম, 'আপনি আল্লাহর রসূল?' তিনি বললেন, ''আমি সেই আল্লার রসূল, যাঁকে কোন বিপদের সময় যদি ডাকো, তাহলে তিনি তোমার বিপদ দূর করে দেবেন। যদি দুর্ভিক্ষে আক্রান্ত হয়ে তাঁর কাছে



প্রার্থনা কর, তাহলে তিনি তোমার জন্য যমীন থেকে ফসল উৎপাদন করবেন। কোন গাছপালা বিহীন জনশূন্য মরুভূমিতে তোমার বাহন হারিয়ে গেলে তুমি যদি তাঁর নিকট দু'আ কর, তাহলে তিনি তোমার বাহন তোমার কাছে ফিরিয়ে দেবেন।"

জাবের বলেন, আমি বললাম, 'আপনি আমাকে বিশেষ উপদেশ দান করুন।' তিনি বললেন, ''তুমি কাউকে কখনো গালি-গালাজ করো না।'' সুতরাং তারপর থেকে আমি না কোন স্বাধীন-পরাধীন ব্যক্তিকে, না কোন উট আর না কোন ছাগলকে গালি দিয়েছি।

(দ্বিতীয় উপদেশ হচ্ছে এই যে,) কোন পুণ্যকর্মকে তুচ্ছ জ্ঞান করো না। নিঃসন্দেহে সহাস্য বদনে কোন মুসলিম ভাইয়ের সঙ্গে তোমার বাক্যালাপ করা নেকীর কাজ। নিজ লুঙ্গি পায়ের অর্ধ রলা পর্যন্ত উঁচু রেখো। তা যদি মানতে না চাও, তাহলে গাঁট পর্যন্ত ঝুলাতে পার। লুঙ্গি ঝুলিয়ে পরা থেকে দূরে থেকো। কেননা, এতে অহংকার জন্মায়। আর নিশ্চয় আল্লাহ অহংকারকে পছন্দ করেন না। যদি কেউ তোমাকে গালি দেয় অথবা এমন দোষ ধরে তোমাকে লজ্জা দেয়, যা তোমার মধ্যে বিদ্যমান আছে বলে জানে, তাহলে তুমি তার এমন দোষ ধরে তাকে লজ্জা দিয়ো না, যা তার মধ্যে বিদ্যমান আছে বলে জানো। যেহেতু তার কুফল তার উপরই বর্তাবে (তোমার উপর নয়)।

## ফুটনোট

(আবু দাউদ ৪০৮৬, তিরমিয়ী ২৭২১-২৭২২, হাসান সহীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন